গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

স্মারক: ১৫.৫২.৬০৯১.০২৩.১৭.০৫০.২২- ১২৮৭ তারিখ ১১.১১.২০২৪ খ্রিস্টাব্দ

সিলেটের স্থানীয় বিভিন্ন পত্র-পত্রিকায় সংবাদ, নিবন্ধ, সম্পাদকীয়, উপ-সম্পাদকীয় ও পাঠকের চিঠির মাধ্যমে সরকারের নীতি ও কার্যক্রমের যে সব আলোচনা ও পর্যালোচনা করা হয়েছে তা সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

জনস্বার্থে কিছু প্রকাশ করার প্রয়োজন থাকলে আঞ্চলিক তথ্য অফিস, সিলেট (টেলিফোন: ৯৯৭৭০১৫৪০-৩) এবং তথ্য অধিদফতরের ভবন নং ৯ এর ২০৬ নং সংবাদ কক্ষের সঙ্গে (টেলিফোন: ৯৫৪০০১৯, ৯৫১৪৯৮৮, ৯৫১২২৪৬ ফ্যাক্স: ৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬ ই-মেইল: pidsylhet@gmail.com, piddhaka@gmail.com, piddhaka@yahoo.com যোগাযোগ করার অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা

মাসুদ পারভেজ ১১/১১/২৪
মো. মাসুদ পারভেজ
সহকারী তথ্য অফিসার
উপপ্রধান তথ্য অফিসারের পক্ষে
ফোন- ০১৭১৭-৬৩৮৮৯৬

বিতরণ:
০১। বিভাগীয় কমিশনার, সিলেট
০২। ডিআইজি, সিলেট
০৩। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ
০৫। পুলিশ সুপার সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ

অনুলিপি:

০১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সংশ্লিষ্ট নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্য অধিদফতর

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয় 'র সারসংক্ষেপ; গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার:

সংখ্যা ০৮৭/২০২৪

সিলেট, সোমবার ২৬ কার্তিক ১৪৩১, ১১ নভেম্বর ২০২৪

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলোর প্রধান খবর বা শিরোনাম

০১। চায়ের হারানো বাজার ফিরে পেতে চায়ের গুণগত মান উন্নয়ন করতে হবে: চা বোর্ডের চেয়ারম্যান

০২। সিলেটে শহিদ নূর হোসেন স্মৃতি সংসদের আলোচনা সভা

০৩। মুনতাহার অর্ধগলিত লাশ উদ্ধার

০৪। চার মাসে সেমিস্টার শেষের দাবি শাবিপ্রবি শিক্ষার্থীদের

০৫। সীমান্তে কোটি টাকার ভারতীয় পণ্য জব্দ

৩৫০/৬, খোজারখলা স্কয়ার,দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ ঃ ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com

বিস্তারিত সংবাদ

০১. চায়ের হারানো বাজার ফিরে পেতে চায়ের গুণগত মান উন্নয়ন করতে হবে: চা বোর্ডের চেয়ারম্যান

বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল শেখ মো. সরওয়ার হোসেন এসইউপি এনডিসি পিএসসি বলেছেন, বর্তমানে চায়ের দামের চেয়ে কোয়ালিটির চ্যালেঞ্জটা বেশি। কোয়ালিটি কম্প্রোমাইজ করার জন্য দামটা ধরে রাখতে পারছে না। চায়ের কোয়ালিটি উন্নতি করতে পারলে দাম অবশ্যই পাবে। কিন্তু এখন যেহেতু কোয়ালিটি উন্নতি হচ্ছে না, তাই দাম পড়ে যাচ্ছে। লোকজন ভালো চায়ের সাথে খারাপ চা মিশ্রণ করে বাজারে বিক্রি করছে। যার কারণে দাম বাড়ছে। মানুষ যখন বেশি টাকা দিয়ে একটা জিনিস কিনতে যাবে তখন ভালোটাই কিনবে। তাই ভালো চা করতে পারলে দাম অবশ্যই পাওয়া যাবে। (দৈনিক সিলেটের ডাক, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক কাজির বাজার)

০২. সিলেটে শহিদ নূর হোসেন স্মৃতি সংসদের আলোচনা সভা

শহিদ নূর হোসেন স্মৃতি সংসদ সিলেট জেলা শাখার উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুরে নগরের দক্ষিণ সুরমার টেকনিক্যাল রোডস্থ সংসদের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। স্মৃতি সংসদ সিলেট জেলা শাখার সভাপতি সাইদুল ইসলাম বাচ্চুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ইকবাল কামালের পরিচালনায় সভায় বক্তব্য দেন, স্মৃতি সংসদের জ্যেষ্ঠ সহসভাপতি হোসেন সরওয়ার সাগর, সহসভাপতি জসিম উদ্দিন, যুগ্ম সম্পাদক আফজল হোসেন, সদস্য শাহ কাওছার আহমদ, সুমন আহমদ, রফিক মিয়া, কামাল আহমদ, মুক্তা শাহ, কাওছার আহমদ, মুস্তাক আহমদ প্রমুখ। (দৈনিক উত্তরপূর্ব, দৈনিক সিলেট মিরর)

০৩. মুনতাহার অর্ধগলিত লাশ উদ্ধার

আক্তার জেরিন মুনতাহার সন্ধান ও উদ্ধারের আশা যখন সারা দেশের মানুষ অধীর আগ্রহে অপেক্ষার। প্রহর গুণছিলেন তাকে ফিরে পেতে, কিন্তু শেষ পর্যন্ত বাড়ির পাশ থেকেই সাড়ে পাঁচ বছরের ফুটফুটে শিশু মুনতাহার অর্ধগলিত লাশ উদ্ধার করা হয়েছে। রবিবার রাত সাড়ে ৩টার দিকে বাড়ির পার্শ্ববর্তী বালের পুতে রাখা মুনতাহার লাশ উঠিয়ে প্রতিবেশীর পুকুরে ফেলার চেষ্টাকালে গলায় (দৈনিক সিলেটের ডাক, দৈনিক সিলেট মিরর, দৈনিক পুণ্যভূমি, দৈনিক সিলেট বাণী, দৈনিক কাজির বাজার, দৈনিক জালালাবাদ, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক জাগ্রত সিলেট, দৈনিক যুগভেরী, দৈনিক শ্যামল সিলেট)

০৪. চার মাসে সেমিস্টার শেষের দাবি শাবিপ্রবি শিক্ষার্থীদের

করোনা মহামারী থেকে শুরু করে ভিসিবিরোধী আন্দোলন, কয়েক দফায় বন্যা, শিক্ষকদের কর্মবিরতি ও কোটা আন্দোলন এবং সর্বশেষ শেখ হাসিনা সরকারবিরোধী আন্দোলনের ফলে সেশনজটের কবলে পড়েছে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)। বিশ্ববিদ্যালয়টিতে সেশনজট কাটিয়ে 'উঠতে শিক্ষার্থীরা তিনটি সেমিস্টার চার মাসে শেষ করার দাবিসহ মোট পাঁচ দফা দাবি জানিয়েছেন। গতকাল রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দাবিগুলো উত্থাপন করেন শিক্ষার্থীরা। (দৈনিক সিলেট মিরর, দৈনিক কাজির বাজার, দৈনিক জালালাবাদ, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক শুভ প্রতিদিন, দৈনিক জাগ্রত সিলেট, দৈনিক যুগভেরী, দৈনিক শ্যামল সিলেট)

০৫. সীমান্তে কোটি টাকার ভারতীয় পণ্য জব্দ

বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সিলেট সেক্টরের অধীনস্থ সিলেট ব্যাটালিয়ন ৪৮ এর অভিযানে সিলেটের বিভিন্ন সীমান্ত এলাকা থেকে এক কোটি ২১ লাখ টাকার ভারতীয় পণ্য জব্দ করেছ বিজিবি। গত শনিবার রাতে গোয়াইনঘাট উপজেলার তামাবিল ও সংগ্রাম বিওপিসহ সুনামগঞ্জের বিভিন্ন সীমান্তে পৃথক অভিযান পরিচালনা করে এ সব পণ্য জব্দ করা হয়। গতকাল রবিবার সকালে প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেন সিলেট ব্যাটালিয়ন ৪৮ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. হাফিজুর রহমান। (দৈনিক সিলেট মিরর, দৈনিক উত্তরপূর্ব, দৈনিক জৈন্তা বার্তা, দৈনিক শ্যামল সিলেট, দৈনিক সিলেট বাণী)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক তথ্য অফিস, সিলেট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য অধিদফতর

সম্পাদকীয়

ক. দৈনিক সিলেটের ডাক: ডেঙ্গুর প্রকোপ বাড়ছে।। একটি আতংকের নাম। যদিও ইতিপূর্বে কেবল বর্ষা মওসুমেই ডেঙ্গুর প্রকোপ দেখা যেতো, কিন্তু এখন সারা বছরই মানুষ আক্রান্ত হচ্ছে ডেঙ্গুতে। এর আগে বর্ষার ঠিক আগে আগে শুরু হত ডেঙ্গুর প্রকোপ; আর শেষ হত বর্ষা বিদায়ের সঙ্গে সঙ্গে। অর্থাৎ মে থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়কে ডেঙ্গুর মওসুম হিসেবে চিহ্নিত করা হত। তবে গত কয়েক বছর ধরে সারা বছরই কম-বেশি ডেঙ্গু রোগী পাওয়া যাচ্ছে। অতি সম্প্রতি দেশের প্রায় প্রতিটি জেলা, উপজেলা, এমনকি গ্রামাঞ্চল পর্যন্ত ছড়িয়ে পড়েছে ডেঙ্গু। বিশেষজ্ঞদের মতে, ডেঙ্গু মশাবাহিত একটি প্রাচীন রোগ। এডিস মশা থেকে এ. রোগ ছড়ায়। এ রোগের ভাইরাসের একমাত্র বাহক স্ত্রী এডিস মশা। এ মশার মাধ্যমে ভাইরাস মানবদেহে সংক্রমিত হলে ডেঙ্গু হওয়ার আশঙ্কা থাকে।

খ. দৈনিক সিলেট মিরর: সাইবার আইন বাতিলের সিদ্ধান্তে স্বস্তি।। সাইবার নিরাপত্তা আইন কথাটি সুন্দর শোনা গেলেও মূলত এটি ছিল তৎকালীন সরকারের ভিন্ন মত দমনের হাতিয়ার। দেশের গণমাধ্যম কর্মীদের চরম বাঁধার মুখেও সরকার সেটি বাতিল কিংবা পরিবর্তন করেনি। অবশেষে বিতর্কিত সাইবার নিরাপত্তা আইন বাতিল করতে যাচ্ছে অন্তর্বর্তী সরকার। বিষয়টি স্বস্তির। গত বৃহস্পতিবার উপদেষ্টা পরিষদের বৈঠকে এ ব্যাপারে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়। শুধু তাই নয়, এ আইনে চলমান মামলাগুলোও বাতিল হবে। বিতর্কিত এ আইন বাতিল নিয়ে দেশে অনেক আলোচনা-সমালোচনা হয়েছে। কিন্তু যেহেতু এটি আওয়ামী লীগ সরকারের বলতে গেলে রক্ষা কবচ ছিল তাই তা বাতিলের ব্যাপারে অনীহা ছিল। সাম্প্রতিক সময়ে অন্তর্বর্তী সরকারের একাধিক উপদেষ্টাদেরকে এ ব্যাপারে সাংবাদিকদের পক্ষ থেকে প্রশ্ন করা হলে তারা এ আইন বাতিলের পক্ষে কথা বলেন।

নিবন্ধ/ফিচার/চিঠিপত্র: শিরোনাম ও লেখকের নাম

ক. ডেঙ্গু : সচেতনতাই বাঁচার উপায়- আফতাব চৌধুরী, দৈনিক সিলেটের ডাক

খ. স্কুলশিক্ষায় কয়েকটি গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ– মো. মুজিবুর রহমান, দৈনিক পুণ্যভূমি

গ. মনের ভেতর এক বিস্ময়কর জগত- সায়মা সুলতানা, দৈনিক সিলেট মিরর

#

মাসুদ/ডলি/২০২৪/১১.১৫ ঘণ্টা